

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৫১৩

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/২৮. শহীদগণের জানাযার সালাত এবং তাদের দাফন-কাফন।

. بَابِ مَا جَاءَ فِي الصَّلَاةِ عَلَى الشُّهَدَاءِ وَدَفْنِهِمْ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ بْنِ نُمَيْرٍ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ عَنْ مِقْسَمٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ أُتِيَ بِهِمْ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم يَوْمَ أُحُدٍ فَجَعَلَ يُصلِّي عَشَرَةٍ عَشرَةٍ وَحَمْزَةُ هُوَ كَمَا هُوَ يُرْفَعُونَ وَهُوَ كَمَا هُوَ مَوْضُوعٌ هُوَ مَوْضُوعٌ

বাংলা

১/১৫১৩। ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, উহুদের যুদ্ধের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে শহীদদের লাশ উপস্থিত করা হলো। তিনি একসঙ্গে দশ দশজনের জানাযার সালাত পড়েন। আর হামযা (রাঃ)-এর লাশ যেভাবে ছিল সেভাবেই রেখেখ দেয়া হলো। অন্যদের লাশ তুলে নেয়া হলো এবং তার লাশ স্বস্থানে পড়ে থাকলো।

English

It was narrated that Ibn 'Abbas said:

"They (the martyrs) were brought to the Messenger of Allah (ﷺ) on the Day of Uhud, and he started to offer the funeral prayer for them, ten by ten. Hamzah lay where he lay, and they were taken away but he was left where he was."

ফুটনোট

আহকাম ৮২।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইয়াযীদ বিন আবু যিয়াদ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন,



তিনি সিকাহ নন। আবু যুরআহ আর-রাযী বলেন, তার হাদিস গ্রহন করা যাবে তবে দলীলযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি নির্ভরযোগ্য নন। ইবনু আদী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যাবে তবে তিনি দুর্বল। এ হাদিসের ৭৪ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে সহিহ বুখারীতে ১ টি, সহিহ মুসলিম ১ টি, আবু দাউদ ১ টি, আহমাদ ১ টি, সহিহ ইবনু হিব্বান ৩ টি, দারাকুতনী ২ টি ও বাকীগুলো অন্যান্য কিতাবে রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন